

ভোলা জেলায় একমাত্র সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বাংলাদেশের কারিগরি শিক্ষাঙ্গানে একটি সুপরিচিত এবং সর্বজন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান। মানব সম্পদ উন্নয়ন এবং দারিদ্র বিমোচনের জন্য কারিগরি শিক্ষার অবদান অনস্বীকার্য। এতদাঞ্চলের বিশাল জনগোষ্ঠিকে কারিগরি শিক্ষার মাধ্যমে দক্ষ মানব সম্পদে পরিণত করাই এ প্রতিষ্ঠানের দায়িত্ব। বিশ্বায়নের সাথে তাল মিলিয়ে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় এ প্রতিষ্ঠান যুগোপযোগী ও লাগসই কারিগরি শিক্ষা প্রদান করে আসছে।

দক্ষ কারিগরি নাগরিক গড়ে তোলার লক্ষ্যে ও কারিগরি শিক্ষা মান উন্নয়নের লক্ষ্যে ১৯৬৯ শিক্ষাবর্ষ থেকে ভোলা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ- এর যাত্রা শুরু হয়। বর্তমানে এই প্রতিষ্ঠানে জেএসসি (ভোক), এসএসসি (ভোক) এবং এইচএসসি (ভোক) শিক্ষা কার্যক্রম অব্যাহত আছে। চারটি ভিন্ন ভিন্ন টেকনোলজিতে সুদক্ষ ও অভিজ্ঞ শিক্ষকদের মাধ্যমে শিক্ষা কার্যক্রম চলমান আছে।

ভোলা সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ভোলা সদর, ভোলা এ অবস্থিত।

ছাত্রজীবনই ভবিষ্যৎ জীবনে সুনামের হিসেবে গড়ে উঠার উপযুক্ত স্থান হচ্ছে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান। সাধারণ ও কারিগরি শিক্ষার সমন্বয়ে প্রণীত জেএসসি (ভোক), এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম সাধারণ শিক্ষা বোর্ডের যথাক্রমে জেএসসি, এসএসসি ও এইচএসসি শিক্ষাক্রমের বিজ্ঞান বিভাগের সমমান হওয়ায় এ শিক্ষা ব্যবস্থার চাহিদা দিন দিন আরো বৃদ্ধি পাচ্ছে। ১৯৬৯ সাল থেকে অদ্যাবধি অত্র প্রতিষ্ঠানটি অত্যন্ত সফলতার সাথে সং, যোগ্য ও আলোকিত দক্ষ মানুষ গড়ার মাধ্যমে একটি সুশৃঙ্খল জাতি গঠনে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এছাড়াও ভোলা সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে বিভিন্ন বিষয় ভিত্তিক দক্ষ নাগরিক গড়ে তোলার লক্ষ্যে তিন মাস/ ছয় মাস মেয়াদী শর্ট কোর্স প্রশিক্ষণ ব্যবস্থা আছে।

এইচএসসি স্তরঃ

- ১। কম্পিউটার অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স
- ২। ইলেকট্রিক্যাল ওয়ার্স অ্যান্ড মেইনটেন্যান্স
- ৩। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং
- ৪। অটোমোবাইল

এসএসসি স্তরঃ

- ১। আইটি সাপোর্ অ্যান্ড আইওটি বেসিকস
- ২। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং
- ৩। জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্স
- ৪। অটোমোবাইল অ্যান্ড অটো ইলেক্ট্রিক বেসিকস

জেএসসি স্তরঃ ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত(সাধারণ শিক্ষার পাশাপাশি কারিগরি বিষয়ে পাঠদান)